

আদেশ

যেহেতু অত্র সংস্থার অধীন টাঙ্গাইল জেলা লিগ্যাল এইড অফিসের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ নাসির হাসান এর বিরুদ্ধে চেক জালিয়াতি করে অর্থ আত্মসাৎ এর লিখিত অভিযোগের প্রেক্ষিতে ০১/২০১৮ নং বিভাগীয় মামলা রঞ্জুপূর্বক জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধান ৪১(১) এর আওতায় জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা অভিযুক্তের বিরুদ্ধে অভিযোগনামাসহ অভিযুক্তকে কেন সংস্থার প্রবিধানমালার অধীন শাস্তি প্রদান করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু জনাব মোঃ নাসির হাসান উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব প্রস্তাবিত শাস্তি প্রদানের বিপক্ষে গ্রহণযোগ্য কোন ব্যাখ্যা প্রদান করতে পারেননি; এবং

যেহেতু তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ নাসির হাসান এর বিরুদ্ধে অসদাচরণ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ জনাব জনাব মোঃ নাসির হাসান-কে তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগের ভিত্তিতে প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত করে কেন তাকে চাকুরী হতে বরখাস্ত করা হবে না সেই মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ নাসির হাসান দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে সন্তোষজনক জবাব প্রদান করতে পারেননি;

এক্ষণে, সেহেতু টাঙ্গাইল জেলা লিগ্যাল এইড অফিসের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ নাসির হাসান এর বিরুদ্ধে আনীত জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধান ৩৭ (চ) মোতাবেক সুস্পষ্টভাবে প্রতারণা, তহবিল তসরূপ এবং অর্থ আত্মসাৎ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযুক্ত জনাব মোঃ নাসির হাসান কে উক্ত প্রবিধানমালার প্রবিধান ৩৮ উপ-প্রবিধান (খ)(ঈ) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হল।


এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ নাসির হাসান
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
জেলা লিগ্যাল এইড অফিস, টাঙ্গাইল।

স্থায়ী ঠিকানাঃ
পিতা: মৃত মোঃ কুতুব উদ্দিন
গ্রাম: আটপাড়া, পো: খাশশাহুজানী, থানা: নাগরপুর
জেলা: টাঙ্গাইল।

জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি এবং জেলা ও দায়রা জজ, টাঙ্গাইল।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার সকল কর্মকর্তাগণ।
- ৫। জেলা লিগ্যাল এইড অফিসার, টাঙ্গাইল।
- ৬। পিএ টু পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৭। সংশ্লিষ্ট ফাইল/গার্ড ফাইল।



(মোঃ জাফরুল হাছান)
পরিচালক (সিনিয়র জেলা জজ)
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
ফোন নং ০২-৮৩৩১৯০৬ (অঃ)